

এসএসসি পরীক্ষা শুরুর তারিখ প্রকাশ

অনলাইন ডেক্স

২১ ডিসেম্বর ২০২৩, ০১:৫১ পিএম



ফাইল ছবি

২০২৪ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে আগামী ১৫ ফেব্রুয়ারি। ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার আজ বৃহস্পতিবার এ তথ্য নিশ্চিত করেছেন।

তপন কুমার সরকার জানান, এ বছর পূর্ণাঙ্গ পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময়সূচি (রঞ্চিন) আজই প্রকাশ করা হবে।

এর আগে ২০২৩ সালের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছিল গত ৩০ এপ্রিল। এতে মোট পরীক্ষার্থী ছিল ২০ লাখের বেশি। পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মাথায় গত ২৮ জুলাই এই পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়।

এসএসসি পরীক্ষা